Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 01 June, 2025

শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলায় , ১ জুন, ২০২৫ ঝিনাইগাতীতে এবার দেশি গরুর আধিক্যে জমে উঠেছে কোরবানির পশুর হাটগুলো। হাটগুলোতে দেশি গরু-ছাগলসহ সব ধরনের পশু উঠছে। ক্রেতা-বিক্রেতার পদচারণায় মুখরিত হয়ে উঠেছে হাট। এবার ভারতীয় গরুর প্রভাব না থাকায় দেশি খামারিরা স্বস্তি পেয়েছেন। দামও ভাল পাচ্ছেন বিক্রেতারা। ঈদ ঘনিয়ে আসতেই বাড়ছে ক্রেতাদের ভিড়। গত বছরের তুলনায় এবার কোরবানির পশুর দাম তুলনামূলক কম। তবে বিক্রেতারা ন্যায্য দামও পাচ্ছেন। ঝিনাইগাতীতে পশু কেনাবেচার জন্য বেশ কয়েকটি হাট রয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো, ঝিনাইগাতী সদর। কালিবাড়ী বুধবার। তবে রবিবার ঝিনাইগাতী সদরে বড় গরুর হাট।

সরেজমিনে কোরবানির পশুর হাট ঘুরে দেখা গেছে, বৃহৎ পশুর হাট ঝিনাইগাতীতে ছোট, বড়, মাঝারি ধরনের গরু কেনা-বেচা জমজমাট হয়ে উঠেছে।কাক ডাকা ভোর থেকে দেশের বিভিন্ন জেলা উপজেলা থেকে ব্যবসায়ী ও খামারিরা এ হাটে গরু মহিষ নিয়ে আসছেন ঝিনাইগাতীতে ।কেনা-বেচা চলছে সকাল থেকে গভীররাত পর্যন্ত।বছরের অন্য সময়গুলোতে ঝিনাইগাতীতে ও কালিবাড়ী, রোববার ও বুধবার সপ্তাহে তুই দিন বসলেও ঈদ উপলক্ষে প্রতিদিন কেনা-বেচা চলছে এ হাটে।এ হাটে মাঝারি ধরনের গরু বেশি দেখা যাছে।ক্রেতাদের পছন্দের তালিকায় রয়েছে মাঝারি সাইজের গরু।যার কারণে মাঝারি সাইজের গরুর দিকে ঝুঁকছে ক্রেতারা।এসব গরু মূলত ১ লাখ থেকে এক লাখ ২০ হাজার টাকার মধ্যে বিক্রি হছে।

মাঝারির চেয়ে একটু বড় গরু বিক্রি হচ্ছে ২ লাখ থেকে ২ লাখ ২০ হাজারের মধ্যে।আর ছোট সাইজের গরু বিক্রি হচ্ছে ৬৫ হাজার থেকে ১ লাখ টাকার মধ্যে।বিশেষ করে এবার নাম ডাকের মত বড় গরু হাটে অনেক কম উঠছে।সর্বোচ্চ ৫ লাখ টাকার উপরে গরু ওঠেনি।এবার মহিষের দামও কিছুটা কম। ঝিনাইগাতীতে মাঝারি সাইজের মহিষ বিক্রি হচ্ছে আড়াই থেকে ৩ লাখের মধ্যে।

হাটে কেনা-বেচা করতে আসা ক্রেতাদের সাথে কথা বলে এসব তথ্য জানা গেছে।ধানশাইল থেকে ঝিনাইগাতী হাটে গরু নিয়ে আসা মোশাররফ হোসেন বলেন, আমি বেশ কয়েকটি গরু নিয়ে এসেছিলাম সব বিক্রি হয়ে গেছে।দাম ভালো পেয়েছি, লোকসান হয়নি।ক্রেতারাও খুশি।

তারপরও গত বছরের তুলনায় এবার ক্রেতা এখনও কিছুটা কম।ক্রেতা কমের সাথে এবার দামও কম।তিনি বলেন এবার দেশীয় জাতের পর্যাপ্ত গরু মহিষ কোরবানির জন্য রয়েছে। খামারিরা আগে থেকেই এসব গরু লালন পালন করেছেন।কিন্তু দাম কম হলে তারা তো লোকসানের মুখে পড়বে।

ঝিনাইগাতী সদর বাজারে মেম্বার জাহিতুল হক মনির বলেন, গত বছরের তুলনায় এবার দাম একটু কম হওয়ায় আগেই গরু কিনে নিলাম।সামনে দাম বাড়ার সম্ভবনা রয়েছে।তাই দেরি না করে কোরবানির গরু কিনলাম।

আল্লাহর সম্ভৃষ্টির জন্য কোরবানি করবো।ঝিনাইগাতী হাটের নির্ধারিত স্থান ছাড়াও যেদিকে চোখ যায় শুধু পশু দেখা গেছে।রাস্তাতেও পশু বিক্রি হচ্ছে। ব্যবসায়ী ও ক্রেতা বিক্রেতার দিকে নজর রেখে এবার হাট পরিচালনা করা হচ্ছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 21:39

URL: https://timestodaybd.com/public/mymensingh/3248775807